কেউ মারা যাওয়ার পর তার জন্য ক্ৰন্দনকারীরা যখন কাঁদে আর বলে, হায় আমার পাহাড়, হে আমার নেতা বা অনুরূপ কোনো কথা বলে তখন দু’জন ফেরেশতা ঐ মৃত ব্যক্তির জন্য নিয়োগ করা হয়। তারা তার বুকে ঘুষি মারে আর ধমক দিয়ে বলতে থাকে, তুমি কি এরূপ ছিলে?

আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, “কেউ মারা যাওয়ার পর তার জন্য ক্ৰন্দনকারীরা যখন কাঁদে আর বলে, হে আমার পাহাড় (আশ্রয় দাতা)! হে আমার নেতা বা অনুরূপ কোনো কথা বলে, তখন দু’জন ফেরেশতা ঐ মৃত ব্যক্তির জন্য নিয়োগ করা হয়। তারা
তার বুকে ঘুষি মারে আর ধমক দিয়ে বলতে থাকে, তুমি কি এরূপ ছিলে?” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

কেউ যখন মারা যায় এবং তার জন্য যখন কেউ চিৎকার করে কাঁদে এবং বিলাপ করে বলে যে, মৃতব্যক্তি তার জন্য পাহাড়ের মত ছিল যার কাছে সে বিপদ-আপদে আশ্রয় নিত, সে ছিল তার আশা-ভরসা, আশ্রয়স্থল ইত্যাদি, তাহলে দু’জন ফেরেশতা এসে তার বুকে আঘাত করে এবং বিদ্রুপের স্বরে জিজ্ঞাসা করে, ‘তুমি কি এমনই ছিলে যেমন বলা হচ্ছে?’

http://www.sunnah.global/hadeeth/bn/show/8917